



নৃমিতির আলোচনা বিশেষ উল্লেখযোগ্য। এছাড়া তৈরী পোষাক-পরিচ্ছদের উন্নত পরিকল্পনা রচনায় নৃমিতির প্রয়োগ অত্যাবশ্যিক বলে বিবেচিত হয়েছে।

কোন জনগোষ্ঠীর পুষ্টি সংক্রান্ত অবস্থা (Nutritional status) অনুধাবনে নৃমিতি ভিত্তিক পর্যালোচনা বিশেষ সহায়ক। শৈশবাবস্থায় প্রোটিন-ক্যালরীয় (Protein-caloric) অপুষ্টির ধারা নির্ণয়ে এই পর্যালোচনা বিশেষভাবে কেন্দ্রীভূত। একেই বলা হয় পুষ্টিকেন্দ্রিক নৃমিতি (Nutritional Anthropometry)। মানবদেহের বৃদ্ধির (Growth) ক্রমিক অনুধাবন সংক্রান্ত বিষয়ে নৃমিতির ব্যবহার খুবই কার্যকরী। নৃমিতি বর্তমানকালে ক্রীড়াঙ্গণে ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। অলিম্পিক ক্রীড়াঙ্গণে বিভিন্ন ক্রীড়াবিদ ও মল্লদের বিভিন্ন প্রয়োজনে দেহ অনুপাত নির্ণয় করা হয়ে থাকে। ক্রীড়া ও মল্লযুদ্ধে অংশগ্রহণকারী ব্যক্তিদের দেহ অবয়ব মাপা হয় এবং দেহের বিভিন্ন অংশের গঠন ও আকৃতির সঙ্গে তার সম্পর্ক নির্ধারিত হয়ে থাকে। এসব কাজে বর্তমান কালে নৃমিতিকে বিশেষভাবে ব্যবহার করা হচ্ছে। এছাড়া ক্রীড়াবিদদের প্রজননভিত্তিক অনুসন্ধান ক্রোমোজোম, রক্তবর্গ, পি. টি. সি. (P. T. C) স্বাদগ্রহণ ক্ষমতা বা অক্ষমতা, হস্ত ও পদরেখার ছাপ প্রভৃতিতে নৃমিতি অপরিহার্য বিষয়। পৃথিবীর বিভিন্ন দেশ হতে আগত নানা ধরনের ক্রীড়াবিদদের দেহের মাপ গ্রহণ করে দেহপ্রকৃতি (Somatotype) নির্ণয়ের সাহায্যে তাদের দেহাবয়ব অনুযায়ী বর্ণীকরণ করা হয়। এ কাজটি ত্বরিত অথচ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হলে নৃমিতির সাহায্য গ্রহণ অপরিহার্য। সাম্প্রতিককালে ইঞ্জিনিয়ারিং অ্যানথ্রোপোমেট্রি (Engineering Anthropometry) বা যন্ত্রবিদ্যা সম্পর্কিত নৃমিতি নামে একটি বিশিষ্ট বিদ্যার বিকাশ ঘটেছে। যন্ত্রবিদ্যা সংক্রান্ত বিভিন্ন কাজকর্ম রূপায়ণ, যন্ত্রের গঠন পরিকল্পনা এবং মানুষের দৈহিক অবয়বের সঙ্গে প্রত্যক্ষ সম্পর্কযুক্ত নানা যন্ত্রপাতির নির্মাণ ও কলাকৌশলের ধারা উন্নয়নে নৃমিতির ব্যাপক ব্যবহার করা হচ্ছে। কর্মীদের দেহগঠন এবং অঙ্গপ্রত্যঙ্গের বিভিন্ন আনুপাতিক আকৃতি ও প্রকৃতির সঙ্গে সামঞ্জস্য নিরূপিত হয়ে যদি যন্ত্রগুলির পরিকল্পনা করা হয় তাহলে কর্মক্রান্তি অপেক্ষাকৃতভাবে কম হয়। যন্ত্রশিল্পের মাধ্যমে উৎপাদিত সামগ্রীর ব্যবহারের সুবিধা-অসুবিধা মূল্যায়নে নৃমিতির সাহায্য গৃহীত হয়। যন্ত্রশিল্প কারখানার নকশা প্রণয়নের সময় মানবদেহ ও অঙ্গপ্রত্যঙ্গের মাপ জানা থাকলে কর্মীদের প্রয়োজনীয় স্থান দান, যন্ত্রাদি স্থাপন প্রভৃতি বিষয়গুলি সুপরিকল্পিতভাবে করা যায়। এই কারণে যন্ত্রবিদ্যার বিভিন্ন পর্যায়ে নৃমিতির মূল্যায়ন বিজ্ঞানীমহলে ক্রমশঃ জনপ্রিয়তা লাভ করছে।


কাজেই দেখা যাচ্ছে, যে নৃমিতি একদিন মুষ্টিমেয় বিজ্ঞানীর কৌতুহল নিবৃত্তিতে অতি সংকীর্ণ গণ্ডীর মধ্যে রূপলাভ করেছিল, সেই নৃমিতি আজ সাধারণ মানুষের নানা প্রত্যক্ষ প্রয়োজনে ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে বিস্তৃততর ক্ষেত্রে বিকশিত হয়েছে।



মানবদেহের উপর নানাধরনের মাপ সঠিকভাবে গ্রহণ করতে হলে বিভিন্ন মাপক যন্ত্রপাতিগুলির সঙ্গে বিশেষভাবে পরিচিত হতে হবে। এই প্রসঙ্গে মনে রাখতে হবে যে নৃমিতিতে ব্যবহৃত যন্ত্রপাতিগুলি আন্তর্জাতিক বিজ্ঞানীমহল কর্তৃক স্বীকৃত এবং এদের ব্যবহার প্রণালীও সমরূপী পদ্ধতি দ্বারা নিয়ন্ত্রিত। কাজেই মাপ গ্রহণের প্রাক্কালে যন্ত্রপাতিগুলির গঠন-বৈশিষ্ট্য এবং ব্যবহার-বিধি সম্পর্কে বিশেষভাবে অবহিত হওয়া প্রয়োজন।

1. মার্টিনের বিসর্পি (স্লাইডিং) ক্যালিপার (Sliding Caliper of Martin) :

গঠন-বৈশিষ্ট্য : ইস্পাত নির্মিত একটি চ্যাপ্টা ধরনের পাতের উপর এই যন্ত্রটি রূপলাভ করেছে। দু'দিকে সেন্টিমিটার ও মিলিমিটার স্কেলে অংশাঙ্কিত এই পাতটির দুটি সূচক (Cross bars) আছে। উপরের সূচকটি পাতটির একপ্রান্তে একেবারে স্থায়ীভাবে বসান থাকে। নিচের সূচকটি একটি চলমান উপরি-অংশের শীর্ষদেশে থাকে। উপরি-অংশটি উঠানামার সঙ্গে সঙ্গে সূচকটিও উঠানামা করে। একটি স্ক্রু (Screw)-এর সাহায্যে সমগ্র অংশটির চলন নিয়ন্ত্রিত হয়। স্থায়ী



F.1 মার্টিনের বিসর্পি ক্যালিপার
Martin's Sliding Caliper